

## পঞ্চদশ জাতীয় শিশু বিজ্ঞান কংগ্রেস - ২০০৭

আর ভি পি এস পি (Rashtriya Vigyan Evam Prodyogiki Sanchar Parishad) - ডি এস টি, ভারত সরকার (Department of science and Technology, Govt. of India) এবং বিজ্ঞান ও প্রযুক্তি দপ্তর, পশ্চিমবঙ্গ সরকার পরিচালিত 'পঞ্চদশ শিশু বিজ্ঞান কংগ্রেস' - এ প্রথমবারের জন্য অংশগ্রহণ করে পশ্চিমবঙ্গের - দক্ষিণ ২৪ পরগণা, উত্তর ২৪ পরগণা, হাওড়া, বর্ধমান, পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম মেদিনীপুর, কোচবিহার, মালদা জেলার বেশ কিছু মাধ্যমিক শিক্ষা কেন্দ্র। পশ্চিমবঙ্গ থেকে এতদিন পর্যন্ত শিশু বিজ্ঞান কংগ্রেসগুলিতে অংশগ্রহণ করে আসছিল শুধুমাত্র প্রথাগত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বা শিশু বিজ্ঞানীরা।



এই সকল অংশগ্রহণকারী প্রতিটি এম.এস.কে. - এর পাঁচজন করে ছাত্রছাত্রী একজন শিক্ষকের সহায়তায় নিজেদের মধ্যে একটি দল গঠন করে ও একজন দলনেতা নির্বাচন করে। এরপর প্রতিটি দল তাদের নিজ নিজ গাইড শিক্ষকের সহায়তায় 'পঞ্চদশ শিশু বিজ্ঞান কংগ্রেস' - এর মুখ্য বিষয়

**'জৈব বৈচিত্র্য' (Biodiversity)** - এর উপর একটি করে প্রকল্প গঠন করে।

গত মে, ২০০৭ থেকে শুরু করে প্রায় তিনমাস ধরে প্রতিটি দল তাদের প্রকল্পের কাজ চালায়। এরজন্য তারা বিভিন্ন পত্র-পত্রিকার থেকে তথ্য সংগ্রহ করে ও নিজ নিজ এলাকায় সমীক্ষা চালায়। তারপর বিভিন্ন পরীক্ষা এবং পর্যবেক্ষণের মাধ্যমে তথ্য বিশ্লেষণ করে সিদ্ধান্তে উপনীত হয়। এরপর সমস্ত বিষয়টি তারা প্রতিবেদনের আকারে লিপিবদ্ধ করে।

বর্ধমান ও বাঁকুড়া জেলার সমস্ত মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক শিক্ষা কেন্দ্রের ছাত্র-ছাত্রীদের নিয়ে শিশু বিজ্ঞান কংগ্রেস সম্পূর্ণরূপে পরিচালনার দায়িত্ব দেওয়া হয় রাজ্য শিশু শিক্ষা মিশনের উপর। মিশনের পক্ষ থেকে এই কাজ পরিচালনার দায়িত্ব দেওয়া হয় এই দুই জেলার দুইজন জেলা কোয়ালিটি ম্যানেজার - এর উপর। বাকি জেলাগুলির দায়িত্ব নেন শিশু বিজ্ঞান কংগ্রেসের রাজ্য সমন্বয়কারী সংস্থা সায়েন্স কমিউনিকেশন ফোরাম। রাজ্য শিশু শিক্ষা মিশনের পক্ষ থেকে প্রকল্পের জন্য নাম নথিভুক্তকরণ থেকে শুরু করে প্রতিটি প্রকল্পের কাজ যাতে যথাযথভাবে এবং সময়মতো শেষ হয় সে বিষয়ে সদা জাগ্রত দৃষ্টি রাখা হয়।

অক্টোবর, ২০০৭ এর শেষ সপ্তাহ থেকে শুরু করে নভেম্বর, ২০০৭ এর মাঝামাঝি পর্যন্ত বিভিন্ন জেলার এম.এস.কে. - এর দলনেতা শিশু বিজ্ঞানীরা এবং অন্যান্য মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক



বিদ্যালয় থেকে আসা শিশু বিজ্ঞানীরা বিভিন্ন জেলাগুলিতে আয়োজিত শিশু বিজ্ঞান কংগ্রেসগুলিতে তাদের প্রকল্পগুলি উপস্থাপন করে মূল্যায়নের জন্য। মাধ্যমিক শিক্ষাকেন্দ্রগুলি থেকে আসা প্রকল্পগুলির মধ্যে জেলা বিজ্ঞান কংগ্রেসে গুণগত উৎকর্ষের বিচারে ১৫ টি প্রকল্প নির্বাচিত হয় রাজ্যস্তরে SCF আয়োজিত শিশু বিজ্ঞান কংগ্রেসের জন্য।



২৪-২৫ শে নভেম্বর, ২০০৭ - এ শিয়ালদহ লরেটো ডে স্কুল - এ আয়োজিত হয় পঞ্চদশ রাজ্য শিশু বিজ্ঞান কংগ্রেস। এখানে মাধ্যমিক শিক্ষাকেন্দ্র থেকে আসা ১৫ টি প্রকল্প সাফল্যের সাথে উপস্থাপিত হয় এই সকল কেন্দ্রের শিশু বিজ্ঞানীদের দ্বারা। এদের মধ্যে থেকে ৪ টি প্রকল্প গুণগত মানের বিচারে নির্বাচিত হয় আগামী ২৭ - ৩১ শে ডিসেম্বর, ২০০৭ - এ মহারাষ্ট্রের পুনেতে আয়োজিত **পঞ্চদশ জাতীয় শিশু বিজ্ঞান কংগ্রেস, ২০০৭** -এ উপস্থাপনের জন্য। এই চারটি প্রকল্পের নেতৃত্ব দেবে উত্তর ২৪ পরগণা জেলার তালবান্দা মাধ্যমিক শিক্ষা কেন্দ্রের ছাত্রী তনুজা খাতুন, পুরুলিয়া জেলার সাপুয়া মাধ্যমিক কেন্দ্রের ছাত্র তিলক সিং সরদার, পশ্চিম মেদিনীপুর জেলার পলাশী বিদ্যাসাগর মাধ্যমিক শিক্ষাকেন্দ্রের ছাত্রী পিয়ালী গিরি, এবং বাঁকুড়া জেলার দানারদিহি মাধ্যমিক শিক্ষা কেন্দ্রের ছাত্রী সুমিত্রা মুর্মু। পশ্চিমবঙ্গ থেকে ২৬ টি বিভিন্ন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের সাথে এই ৪ টি মাধ্যমিক শিক্ষা কেন্দ্র মিলিয়ে মোট ৩০ জন শিশু বিজ্ঞানী যোগ দেবে **পঞ্চদশ জাতীয় শিশু বিজ্ঞান কংগ্রেস, ২০০৭** - এ। জাতীয় শিশু বিজ্ঞান কংগ্রেসের প্রাক্কালে গত ১৪ ই ডিসেম্বর এই ৪টি মাধ্যমিক শিক্ষা কেন্দ্রের চারজন শিশু বিজ্ঞানী রাজ্য শিশু শিক্ষা মিশনের আহ্বানে মিশনে আসে ও তাদের প্রকল্পগুলি উপস্থাপন করে এবং প্রাক্কাল মিশন অধিকর্তা শ্রী দেবকুমার চক্রবর্তী মহাশয়, প্রশাসনিক আধিকারিক মহাশয়া, মিশনের শিক্ষাবিষয়ক পরামর্শদাতাগণ ও রাজ্য কোয়ালিটি ম্যানেজারগণ তাঁদের মূল্যবান পরামর্শদানের মাধ্যমে শিশুবিজ্ঞানীদের আরো সমৃদ্ধ করেন। আগামী ২৪ শে ডিসেম্বর, ২০০৭ তারিখে এই শিশু বিজ্ঞানীরা জাতীয় শিশু বিজ্ঞান কংগ্রেস -এ যোগদানের জন্য পুনের উদ্দেশ্যে যাত্রা শুরু করবে।

